**সচিব**
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Secretary**
Finance Division
Ministry of Finance
Government of the People's Republic of Bangladesh

## অবতরণিকা

'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। এতে দেশের সামগ্রিক অর্থনৈতিক গতি-প্রকৃতি, সরকারের গৃহীত বিভিন্ন নীতি ও কৌশল এবং অর্থনীতির বিভিন্ন খাতের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত বিবরণ সন্নিবেশ করা হয়। বিগত বছরসমূহের ধারাবাহিকতায় এ বছরও বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৫ প্রকাশিত হতে যাচ্ছে।

২। জুন ২০২৫ পর্যন্ত তথ্যসম্বলিত সমীক্ষাটি তিনটি প্রধান অংশে বিন্যস্ত, যেখানে মোট ১৫টি অধ্যায় এবং ৬২টি পরিসংখ্যানিক সংযোজনী অন্তর্ভুক্ত রয়েছে। প্রথম অংশে সামষ্টিক অর্থনৈতিক বিষয়াবলি নিয়ে ছয়টি অধ্যায় সন্নিবেশিত হয়েছে। এর মধ্যে প্রথম অধ্যায়ে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি সম্পর্কে বর্ণনা করা হয়েছে, যেখানে বৈশ্বিক ও বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক অবস্থার সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে জিডিপি, সঞ্চয় ও বিনিয়োগ; তৃতীয় অধ্যায়ে মূল্য, মজুরি ও কর্মসংস্থান; চতুর্থ অধ্যায়ে রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; পঞ্চম অধ্যায়ে মুদ্রা ব্যবস্থাপনা ও আর্থিক বাজার উন্নয়ন; এবং ষষ্ঠ অধ্যায়ে বহিঃখাত সংক্রান্ত বিষয়সমূহ বিশদভাবে আলোচিত হয়েছে। দ্বিতীয় অংশে খাতভিত্তিক বিশ্লেষণ উপস্থাপিত হয়েছে, যেখানে পাঁচটি অধ্যায়ে কৃষি, শিল্প, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ও স্বায়ত্তশাসিত সংস্থা, বিদ্যুৎ ও জ্বালানি, এবং পরিবহন ও যোগাযোগ– এই খাতসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। তৃতীয় অংশে অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ভিত্তিক চারটি অধ্যায় সংযোজিত হয়েছে, যেখানে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়গুলো উপস্থাপিত হয়েছে।

৩। সমীক্ষাটি প্রণয়নে অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সর্বোচ্চ নিষ্ঠা, দক্ষতা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। নির্ধারিত সময়ে সমীক্ষাটি প্রকাশে তাদের অক্লান্ত পরিশ্রম ও অবদানের জন্য আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ। একই সঙ্গে সমীক্ষাটি প্রণয়ন ও প্রকাশনার জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার প্রতিও আমি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

৪। নানাবিধ সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্যে প্রণীত সমীক্ষাটিতে কিছু ত্রুটিবিচ্যুতি বা অসামঞ্জস্যতা থাকতে পারে। তবুও আশা করা যায়, এটি পাঠক, গবেষক, নীতিনির্ধারক ও শিক্ষার্থীসহ সকলের নিকট একটি গুরুত্বপূর্ণ, নির্ভরযোগ্য ও তথ্যবহুল প্রকাশনা হিসেবে সমাদৃত হবে।

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)

www.mof.gov.bd, Email: secretary@finance.gov.bd, Telephone: +88 02 9512201, Fax: +88 02 9576003